দৈনিক বাংলা
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ 2 6 MAR 1989
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১

627

# বিজ্ঞানের প্রশ্ন নিয়ে পরীক্ষার্থীরা বিপাকে

(স্টাফ রিপোর্টার)

গতকাল এসএসসির সাধারণ বিজ্ঞান প্রথমপত্রের পরীক্ষায় কয়েকটি প্রশ্নের অংশ বিশেষ সিলেবাস বহির্ভূত এবং বিভ্রান্তিমূলক বলে পরীক্ষার্থীদের কাছ থেকে অভিযোগ পাওয়া গেছে।

পরীক্ষার্থীরা অভিযোগ করেন যে ৫(খ) নম্বর প্রশ্নে একটি ক্যালরিমিটারের পানি-সমতুল নির্ণয়ের একটি প্রণালী চাওয়া হয়েছে। কিন্তু বোর্ড অনুমোদিত বইয়ে ক্যালরিমিটারের পানি সমতুল নির্ণয়প্রণালীর বর্ণনা নেই। বইয়ে শুধু লেখা আছে উত্তপ্ত বস্তু পানিতে ছেড়ে দিলে পানির

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## বিজ্ঞানের প্রশ্ন

(১ম পৃঃ পর)

সাথে ক্যালরিমিটারেরও তাপমাত্রা বৃদ্ধি পায়। এই তাপমাত্রা বৃদ্ধির জন্য ক্যালরিমিটারটি কত পরিমাণ তাপ গ্রহণ করবে গণনার প্রয়োজনে তা জানতে হবে। এ জন্য ক্যালরিমিটারের পানি সমতুল জানা আবশ্যক।

৩(খ) নম্বর প্রশ্নে একক ওজনের সংজ্ঞা চাওয়া হয়েছে। কিন্তু বইয়ে এ ধরনের সংজ্ঞা সম্পর্কে আলোকপাত করা হয়নি। ৬(গ) নম্বর প্রশ্নে বৈদ্যুতিক আবেশ এর সংজ্ঞা চাওয়া হয়েছে। কিন্তু বইয়ে চার্জ আবেশ সম্পর্কে বলা হয়েছে। ৯(গ) নম্বর প্রশ্নে ম্যাগনেটিক অক্সাইডের সংকেত চাওয়া হয়েছে। কিন্তু বইয়ে এধরনের সংকেত লেখা নেই।

প্রশ্ন এধরনের বিভ্রান্তির ফলে পরীক্ষা হলে ছাত্রছাত্রীদের বিপাকে পড়তে হয়।